

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৯.০৯৯.১৮. ৩৬৭০

তারিখঃ ৩৯.০৭.২০১৯ খ্রীঃ

প্রতি

নির্বাহী প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

জেলাঃ

বিষয়ঃ জেলায় কর্মরত নির্বাহী প্রকৌশলী, সিনিয়র সহকারী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলীগণ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে আসন্ন পবিত্র ঈদুল আযহা এর সরকারি ছুটিতে কর্মস্থল ত্যাগ না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় জেলা পর্যায়ে কর্মরত নির্বাহী প্রকৌশলী, সিনিয়র সহকারী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলীগণকে সরকারি কাজের স্বার্থে আসন্ন পবিত্র ঈদুল আযহা'র সরকারি ছুটিতে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য, কোন কর্মকর্তার পবিত্র ঈদুল আযহা'র সরকারি ছুটিতে কর্মস্থল ত্যাগের বিশেষ প্রয়োজন হলে একই দপ্তরের নির্বাহী প্রকৌশলী, সিনিয়র সহকারী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলীর মধ্যে অন্তত একজন কর্মকর্তার কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থানের বিষয়টি নিশ্চিত না করে ও সদর দপ্তরের পূর্বানুমতি গ্রহণ না করে এবং পূর্বানুমতি নিয়েও ০৮/০৮/২০১৯খ্রিঃ এর পূর্বে কোন অবস্থায় কর্মস্থল ত্যাগ করা যাবে না। কর্মস্থল ত্যাগ করার পূর্বে ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। তাঁদের অনুপস্থিতিতে যদি কোন দুর্ঘটনা/নিরাপত্তা বিঘ্নিত হয় তাহলে তাঁরা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। এছাড়া সকল কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট জেলার বাহিরে ব্যক্তিগত প্রয়োজনে সরকারি গাড়ি ব্যবহার না করার জন্যও নির্দেশ দেয়া হলো।

এই আদেশের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।



(মোঃ খলিলুর রহমান)

প্রধান প্রকৌশলী (চঃদাঃ)

ফোনঃ ৯১২৪০২৭

ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

- সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

অনুলিপি (কার্যার্থে)ঃ

- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি,বিভাগ, জেলাঃ.....।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,অঞ্চল, জেলাঃ.....।
- প্রকল্প পরিচালক,এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- সিনিয়র সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, জেলাঃ.....।
- সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, জেলাঃ.....।